



“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
তহবিল ও বীমা শাখা

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	ফারহানা শাওন মহাব্যবস্থাপক (অনুসন্ধান)
সভার তারিখ	২৬/০৭/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ, পেট্রোবাংলা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে সংস্থার অফিস আদেশ নং- ২৮.০২.০০০০.০১১.৩৭.০৬৩.২২.২০৮ তারিখ: ২০-০৭-২০২২ এর মাধ্যমে পুনর্গঠিত কমিটির একটি সভা গত ২৬/০৭/২০২২ তারিখে সংস্থার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি ও কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭” এবং “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” এ বর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয়।

২। সভাপতি সভাকে অবহিত করে যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ে অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করা গেলে বর্ণিত সূচকের বিপরীতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হবে এবং পূর্ণ নম্বর পাওয়া যাবে। সভাকে আরো অবহিত করা হয় যে, বিগত সময়ে বর্ণিত প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির অনুরোধে সংস্থার প্রশাসন বিভাগের এইচআর ডিপার্টমেন্ট কর্তৃক আয়োজন করা হয়েছে। আলোচ্য প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা পূর্বের ন্যায় ২০২২-২৩ অর্থবছরেও এইচআর ডিপার্টমেন্ট কর্তৃক আয়োজন করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।

৩। সভাকে অবহিত করা হয় যে, “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) তিন মাস অন্তর হালনাগাদ করতে হয়। সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদের লক্ষ্যে সংস্থার বেশকিছু বিভাগ/ডিপার্টমেন্ট-কে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্যাদি কমিটি বরাবর প্রেরণের জন্য ইতোপূর্বে অনুরোধ করা হয়েছিলো। উল্লেখ্য যে, পেট্রোবাংলার ০৬টি বিভাগ/ডিপার্টমেন্ট হতে এ সংক্রান্ত কোনো তথ্যাদি অদ্যাবধি কমিটির নিকট প্রেরণ করা হয় নাই। এ পরিপ্রেক্ষিতে কমিটি

কর্তৃক সিটিজেন্স চার্টার হালনাগাদের লক্ষ্যে বর্ণিত ০৬টি বিভাগ/ডিপার্টমেন্ট বরাবর তথ্য চেয়ে পুনরায় পত্র প্রেরণ করার বিষয়টি সভায় গুরুত্বের সাথে আলোচনা করা হয়।

৪। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংস্থার প্রশাসন বিভাগ-কে অনুরোধ জানিয়ে একটি পত্র প্রেরণ করতে হবে।

খ) পেট্রোবাংলা'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) যথাসময়ে হালনাগাদ করার লক্ষ্যে সংস্থার সংশ্লিষ্ট ০৬টি বিভাগ/ডিপার্টমেন্ট বরাবর তথ্য চেয়ে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

F. Shan

ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.৫৬

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯

০৭ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) উপ-মহাব্যবস্থাপক, বাস্তবায়ন-পরীক্ষণ ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ২) ব্যবস্থাপক, বৈদেশিক প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৩) ব্যবস্থাপক, এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৪) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

F. Shan

ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)